

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩৫(আগরতলা-০৭।১২)
আমবাসা, ০৭ ডিসেম্বর, ২০১৭।।

সকলের জন্য শিক্ষা ও স্বাস্থ্য সরকারের
অগ্রাধিকারের ক্ষেত্র : স্বাস্থ্য মন্ত্রী

কুলাইতে ধলাই জেলা হাসপাতালে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে নবনির্মিত ব্লাড ব্যাঙ্ক, সিটি স্ক্যান, এন আর সি ও নবজাত শিশু চিকিৎসা বিভাগের উদ্বোধন হয়েছে। অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য মন্ত্রী বাদল চৌধুরী। এছাড়া, প্রধান অতিথি হিসেবে বিধায়ক ললিত কুমার দেববর্মা, বিশেষ অতিথি হিসেবে বিধায়ক অঞ্জন দাস ও ধলাই জিলা পরিষদের সভাপতি পরিমল চন্দ্র দাস উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তপতী ভট্টাচার্য। স্বাস্থ্য মন্ত্রী বাদল চৌধুরী উল্লিখিত চারটি বিভাগের আনুষ্ঠানিক উদ্বোধন করে বলেন, রাজ্য সরকারের মূল লক্ষ্য হল সকলের জন্য শিক্ষা সকলের জন্য স্বাস্থ্য। সেই লক্ষ্যকে সামনে রেখে শহরাঞ্চলের পাশা পাশি গ্রামাঞ্চলের মানুষের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দেবার লক্ষ্যে প্রতিটি পঞ্চায়েত ও এ ডি সি ভিলেজে উপস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলা হচ্ছে। তিনি বলেন, মুমূর্ষু রোগীর জন্য রক্তের প্রয়োজন। এর জন্য রাজ্যের জেলাগুলিতে ব্লাড ব্যাঙ্ক করা হচ্ছে। মহকুমা হাসপাতালগুলিতেও ব্লাড ব্যাঙ্ক গড়ে তোলা হবে। স্বাস্থ্য মন্ত্রী বলেন, ব্লাড ব্যাঙ্ক করার পাশা পাশি স্বেচ্ছায় রক্তদান শিবির করার জন্য গুরুত্ব দিতে হবে। সকল অংশের জনগণের সহযোগিতা ছাড়া এই মহৎ কাজ সম্ভব নয়। এর জন্য জনসচেতনতা বাড়িয়ে তুলতে সংশ্লিষ্টদের আরও উদ্যোগী হতে হবে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন প্রধান অতিথি বিধায়ক ললিত কুমার দেববর্মা, বিশেষ অতিথি বিধায়ক অঞ্জন দাস ও ধলাই জিলা পরিষদের সভাপতি পরিমল চন্দ্র দাস।

এদিকে, এই উপলক্ষে উক্ত হাসপাতালে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এতে ২৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।
